

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৬২৬৯

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - ইয়ামান ও শাম (সিরিয়া) দেশের বর্ণনা এবং উওয়াইস করানী-এর আলোচনা

الفصل الاول (بَاب تَسْمِيَة من سمي من أهل الْبَدْر فِي «الْجَامِع لِلْبُخَارِيِّ»)

আরবী

وَعَنْ أَبِي مَسْعُودِ الْأَنْصَارِيِّ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «مِنْ هَهُنَا جَاءَتِ الْفِتَنُ _ نَحْوَ الْمَشْرِقِ _ وَالْجَفَاءُ وَغِلَظُ الْقُلُوبِ فِي الْفَدَّادِينَ أَهْلِ الْوَبَرِ عِنْدَ أُصُولِ الْفِتَنُ _ نَحْوَ الْمَشْرِقِ _ وَالْجَفَاءُ وَغِلَظُ الْقُلُوبِ فِي الْفَدَّادِينَ أَهْلِ الْوَبَرِ عِنْدَ أُصُولِ أَذْنَابِ الْإِبِلِ وَالْبَقَرِ فِي رَبِيعَةَ وَمُضَرَى . مُتَّفَقٌ عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (3498) و مسلم (81 / 51)، (181) ـ (مُتَّفَقٌ عَلَيْهِ)

বাংলা

৬২৬৯-[8] আবূ মাস্'উদ আল আনসারী (রাঃ) নবী (সা.) হতে বর্ণনা করেন। তিনি (সা.) বলেছেন: এই দিক অর্থাৎ পূর্বদিক হতে ফিতনা-ফ্যাসাদের উৎপত্তি হবে। কঠোর ভাষা ও হৃদয়ের কাঠিন্য, উট ও গরুর লেজের পাশে চিৎকারকারী, পশমি তাঁবুর অধিবাসী রবী'আহ ও মুযার গোত্রের মধ্যে রয়েছে। (বুখারী ও মুসলিম)

ফটনোট

সহীহ: বুখারী ৩৪৯৮, মুসলিম ৮১-(৫১), সিলসিলাতুস্ সহীহাহ্ ২৪৯৪, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩২৪৩৩, মুসনাদুল হুমায়দী ৪৫৮, মুসনাদে আহমাদ ১৭১০৭, হিলইয়াতুল আওলিয়া ৭/৩৬৩, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৩৯৯৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مِنْ هَهُنَا) অর্থাৎ (المشرق) (পূর্ব) থেকে। (جَاءَت الْفِتَنُ) যদিও এর দ্বারা উদ্দেশ্য হলো অতি শীঘ্রই



আসবে। কিন্তু এখানে তা সুনিশ্চিতভাবে সংঘটিত হওয়ার ব্যাপারটিকে চূড়ান্তভাবে বলার জন্য (فعل ماضي এর সীগাহ্ ব্যবহার করা হয়েছে। (মিরক্বাতুল মাফাতীহ)।

আল কিরমানী (রহিমাহল্লাহ) বলেন, রবী'আহ্ ও মুযার গোত্রদ্বয়ের নাম উল্লেখের কারণ যা সুস্পষ্ট তা হলো 'আরবের অধিকাংশ মানুষই এ মূল দু' বংশের সাথে যুক্ত হয়। আর তারা ছিল পূর্ববাসীদের জন্য কারণস্বরূপ। যেসব কুরায়শীদের মাঝে আমাদের নবী মুহাম্মাদ (সা.) -এর আগমন ঘটেছে তারা হলো মুযার গোত্রের একটি শাখা। আর ইয়ামানবাসীদের ব্যাপারে সরাসরি পরবর্তী হাদীসে উল্লেখ হয়েছে। যার শিরোনাম হলো- مِنْ نَسَب كُلِّهِمْ إِلَى إِسْمَاعِيل) অর্থাৎ সমস্ত 'আরব বংশধর ইসমাস্টল (আঃ)-এর বংশ। (ফাতহুল বারী হা. ৩৪৯৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ মাসউদ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন